গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রশাসকের কার্যালয়
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

**বিষয় ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর ডিসেম্বর'২০২৫ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণী।**

**সভাপতি** ঃ জনাব এ.এফ.এম. শামীম
প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ১১ ডিসেম্বর'২০২৫ খ্রিঃ।

**সভার সময়** ঃ সকাল ১০.০০ ঘটিকা।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভা কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা প্রকৌশলী-কে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে দপ্তর ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত নভেম্বর'২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় নভেম্বর'২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | **স্বাস্থ্য বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, চিকিৎসাসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান Anti Snake Venom এর Raw Metrial এর স্বল্পতার কারণে Anti Snake Venom প্রস্তুত হচ্ছে না। এছাড়াও বর্তমানে Anti Rabies Vaccine এর চাহিদা রয়েছে। তাই গত আগস্ট/২০২৫ মাসের মাসিক সাধারণ সভায় Antivenom & Rabitas Vaccine ক্রয়ের যে সিদ্ধান্ত গৃহীত হয়েছিল তাতে Anti Snake Venom ক্রয়ের পরিবর্তে Anti Rabies Vaccine ক্রয় করা যেতে পারে। Tetanus রোগিদের জীবন রক্ষার্থে জরুরী ভিত্তিতে TT Vaccine ক্রয় করা প্রয়োজন। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | Anti Snake Venom বাজারে পর্যাপ্ত না থাকায় এবং Anti Rabies Vaccine এর প্রয়োজনীয়তা থাকায় Anti Rabies Vaccine ক্রয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম<br>২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০২ | **পরিবার পরিকল্পনা বিভাগ** | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে চিকিৎসাসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান কোদালকাটি ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণের জায়গা নির্বাচন করা হয়েছে। মোহনগঞ্জ ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণের জায়গা নির্বাচন করা প্রয়োজন। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | মোহনগঞ্জ ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণের জায়গা নির্বাচন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম<br>২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |

চলমান পাতা-২

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৩ | **কৃষি বিভাগ** | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২৪২৫ হেক্টর জমির আমন ধান কর্তন হয়েছে যা প্রায় ৯৪%। ১৭২০ হেক্টর জমিতে সরিষা রোপন হয়েছে ও ২১৭৫ হেক্টর জমিতে ভূট্টা রোপন করা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ফসলের রোগবালাই প্রতিরোধে নিয়মিত পরিদর্শন ও কৃষককে পরামর্শ প্রদান এবং অনাবাদি জায়গায় কৃষি ফসল উৎপাদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৪ | **মৎস্য বিভাগ** | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০ জন করে মোট ৪০ জন মৎস্য চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। (গত ০১ নভেম্বর হতে ৩০ জুন ২০২৫ পর্যন্ত মোট ০৮(আট) মাস ইলিশের জাটকা আহরণ, পরিবহন, ক্রয়-বিক্রয়, মজুদ ও বিনিময় দন্ডনীয় অপরাধ) এ বিষয়ে মৎস্য বিভাগের কার্যক্রম অব্যাহত রয়েছে। জেলেদের হালনাগাদ কার্যক্রম চলমান। পুকুর জরিপের কার্যক্রম চলমান রয়েছে। | ইলিশের জাটকা আহরণ, পরিবহন, ক্রয়-বিক্রয়, মজুদ ও বিনিময় রোধে অভিযান ও জেলেদের হালনাগাদ কার্যক্রম করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ০৫ | **প্রাণিসম্পদ বিভাগ** | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান সারাদেশে প্রথমবারের মতো জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫ সুষ্ঠুভাবে উদযাপিত হয়েছে। ২০২৫-২৬ অর্থ বছরের এডিপি'র বরাদ্দ থেকে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের অবশিষ্ট কাজ সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করেন। তিনি আরও জানান উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে সেবাগ্রহীতাগণের বসার জন্য ১টি বসার সেড করা প্রয়োজন। প্রাণিসম্পদ দপ্তরে চিকিৎসা সেবা দেওয়ার জন্য সরকারি ঔষধ স্বল্পতা থাকায় এডিপি খাত হতে ঔষধ ক্রয় করা প্রয়োজন। সেবা গ্রহীতাদের বসার সেড নির্মাণের জন্য এবং ঔষধ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করেন। | বিধি মোতাবেক এডিপি খাত হতে প্রাণিসম্পদ দপ্তরে সেবা গ্রহীতার বসার জন্য সেড এবং প্রাণি পাখির চিকিৎসা সেবা দেওয়ার জন্য ঔষধ ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম।<br>২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ০৬ | **দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষন সংস্কার সংক্রান্ত ২০২৫-২৬ অর্থ বছরে ১ম পর্যায়ের কাজ চলমান। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষন সংস্কার ও মেরামত সংক্রান্ত ২০২৫-২৬ অর্থ বছরে ২য় পর্যায়ের বরাদ্দ পাওয়া গেছে। নির্দেশনা মোতাবেক কাজ শুরু করা হবে। অত্র উপজেলায় চলমান ৩টি ব্রীজের কাজের মধ্যে ০১টি নির্মাণ কাজ ১০০% সম্পন্ন হয়েছে। এছাড়াও ২টি বন্যা আশ্রয় কেন্দ্রের কাজ চলমান। | ২০২৫-২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও সংস্কার কাজ বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৭ | **সমাজসেবা বিভাগ** | উপজেলা সমাজসেবা অফিসার'র প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অসচ্ছল প্রতিবন্ধীভাতার আবেদন আগামী ৩০/১২/২০২৫ তারিখ পর্যন্ত দাখিলের সময় বৃদ্ধি করা হয়েছে। | বিধি মোতাবেক যাচাই-বাছাইঅন্তে সকল ভাতা প্রদানের কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-৩

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৮ | **প্রাথমিক শিক্ষা বিভাগ** | উপজেলা সহকারী শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৬ শিক্ষাবছরের বিনামুল্যে পাঠ্য পুস্তক বিতরণের জন্য স্কুলে বই পাঠানো কার্যক্রম চলমান। | বিদ্যালয়ে সুষ্ঠুভাবে বই বিতরণ ও মানসম্মত শিক্ষা ব্যবস্থা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ০৯ | **মহিলা বিষয়ক অধিদপ্তর** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি মা ও শিশু সহায়তা কর্মসূচির আবেদনকারীদের তালিকা প্রতিমাসের ২০ তারিখের মধ্যে ইউনিয়ন কমিটির সুপারিশ ও স্বাক্ষরিত কার্যবিবরণীসহ উপজেলা মহিলা বিষয়ক দপ্তরে প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১০ | **যুব উন্নয়ন বিভাগ** | উপজেলা সহকারী যুব উন্নয়ন অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১১ | **প্রকৌশল বিভাগ** | উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাতের অনুমোদিত প্রকল্পের কাজ পিআইসি কমিটি ও টেন্ডাররে মাধ্যমে সম্পন্ন করা হবে। উপজেলা পরিষদের বাসাবাড়ী কোয়ার্টারের বকেয়া ভাড়া আদায়ের সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। | ১। হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের জন্য গৃহীত প্রকল্পগুলো বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। উপজেলা পরিষদের কোয়ার্টারের বকেয়া ভাড়া আদায়ের লক্ষ্যে সংশ্লিষ্টদের নোটিশ প্রদানসহ বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১২ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তর, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মানব সম্পদ গ্রামীন পানি সরবরাহ প্রকল্পের আওতায় উপজেলার মোট ৬৮৭ টি (Two-Pit) ল্যাট্রিন স্থাপনের মধ্যে ৬৫০ টি স্থাপন ও হস্তান্তর করা হয়েছে। অবশিষ্ট ল্যাট্রিন স্থাপন চলমান রয়েছে। এছাড়া উক্ত প্রকল্পের আওতায় একটি পানি শোধনাগার স্থাপন কাজ চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৩ | **সমবায় বিভাগ** | উপজেলা সমবায় কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান এ মাসে ২৬টি সমবায়ীদের মধ্যে গ্রামীণ প্রশিক্ষণ করানো হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৪ | **পল্লী উন্নয়ন বিভাগ** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, চর রাজিবপুর, কুড়িগ্রাম এর আওতাধীন বিভিন্ন প্রকল্পের আওতায় কৃষক সমবায় সমিতি ও অন্যান্য সমিতির মধ্যে নিয়মিতভাবে ঋণ বিতরণ ও আদায় অব্যাহত রয়েছে। গত নভেম্বর/২০২৫ মাসে ঋণ আদায়ের পরিমাণ ৩.০০ লক্ষ টাকা এবং ঋণ বিতরণের পরিমাণ প্রায় ৫.০০ লক্ষ টাকা। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করাসহ বিতরণকৃত ঋণ আদায় হার বাড়ানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৫ | **পরিবেশ ও বন বিভাগ** | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবেশ ও বন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-৪

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৬ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৬ সালের পাঠ্যপুস্তক গ্রহণ চলমান। জেনারেল চাহিদা-৪৮,৬৫৮ টি এবং মাদ্রাসা চাহিদা-২৭,৮৬৬ টি। ৯ডিসেম্বর ২০২৫ হতে বই বিতরণ শুরু হয়েছে। অদ্য ১১/১২/২০২৫ তারিখ পর্যন্ত [ ৬ষ্ঠ, ৯ম, এবতেদায়ী(১ম-৫ম)] বই গ্রহণ-৩৩,৪৭৬ কপি। বিগত বছরের কিছু উদ্বৃত্ত বই রয়েছে। এ বছর বই বিতরণে উক্ত বইগুলি সমন্বয় করা যেতে পারে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৭ | **পরিষদের রাজস্ব তহবিল** | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ২০২৫-২৬ অর্থ বছরে ডিসেম্বর'২০২৫ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ) উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। ডিসেম্বর'২০২৫ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০২। ডিসেম্বর'২০২৫ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, ভিক্সল, এ্যারোসল, হারপিক, কলম ইত্যাদি) বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৩। ডিসেম্বর'২০২৫ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয় =১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৪। ডিসেম্বর'২০২৫ খ্রিঃ মাসের পত্রিকা ব্যয় বিল =১,৩৬২/- (একহাজার তিনশত বাষট্টি) টাকা।<br>০৫। ডিসেম্বর'২০২৫ খ্রিঃ মাসে ০১ (এক) জন মালি'র দৈনিক মজুরী (৭০০×২২ দিন) =১৫,৪০০/- (পনের হাজার চারশত) টাকা।<br>০৬। ডিসেম্বর'২০২৫ খ্রিঃ মাসের ০১ (এক) জন সুইপার'র দৈনিক দৈনিক মজুরী (৭০০×২২ দিন) =১৫,৪০০/- (পনের হাজার চারশত) টাকা।<br>০৭। ডিসেম্বর'২০২৫ খ্রিঃ মাসের উপজেলা পরিষদ চত্ত্বরে সার্বিক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার-এর বেতন =৮,২৫০/- (আট হাজার দুইশত পঞ্চাশ) টাকা।<br>০৮। ২০২৫-২৬ অর্থ বছরে জরুরী প্রয়োজনে আর্থিক সহায়তা বাবদ ব্যয় =১০,০০০/- (দশ হাজার) টাকা।<br>০৯। ২০২৫-২৬ অর্থ বছরে জাতীয় দিবস উদযাপনের কর্মসুচি বাস্তবায়নে বাবদ ব্যয় বিল = ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।<br>১০। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের কর্মচারীদের ডিসেম্বর'২০২৫ খ্রিঃ মাসের মূল বেতনের ১০% এর সমপরিমাণ টাকা প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাবে প্রদান বাবদ ব্যয় =৬,১৩২/- (ছয় হাজার একশত বত্রিশ) টাকা।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০২৫-২৬ অর্থ বছরে ডিসেম্বর'২০২৫ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম |

চলমান পাতা-৫

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮ | **বিবিধ** | | | |
| ১৮ (১) | **রাজিবপুর ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় রাজিবপুর ইনিয়ন পরিষদের দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি-কে সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮ (২) | **কোদালকাটি ইউনিয়ন পরিষদ** | প্যানেল চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮ (৩) | **মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি সভায় চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মোহনগঞ্জ ইউনিয়নে অবস্থিত বড়বেড় অস্থায়ী পুলিশ ক্যাম্পটি তদন্ত কেন্দ্রে রুপান্তরিত করা প্রয়োজন। মোহনগঞ্জ ইউনিয়নের ৫জন গ্রামপুলিশ (মহল্লাদার) এর শুন্য পদে জনবল নিয়োগ করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করেন।<br>তিনি আরও জানান রাজিবপুর উপজেলা হেড কোয়ার্টার টু সানন্দবাড়ী জিসি রোড ভায়া নয়াচর বাজার রোডটির নয়াচর বাজার হতে দক্ষিণ দিকে ঘেগার চর খাল পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে বিভিন্ন অবৈধ স্থাপনা উচ্ছেদ করা প্রয়োজন। আসন্ন ত্রয়োদশ সংসদ নির্বাচন উপলক্ষ্যে মোহনগঞ্জ ইউনিয়নের বিভিন্ন ভোট কেন্দ্রে যাতায়াতের রাস্তা মেরামত ও সংস্কার করা প্রয়োজন। মোহনগঞ্জ ইউনিয়নটি ঢুষমারা থানার অন্তর্ভূক্ত। ইহা ঢুষমারা থানা হতে রাজিবপুর থানায় অন্তভূক্তি করা প্রয়োজন। নয়াচর নিম্নমাধ্যমিক বালক বিদ্যালয়ে বাউন্ডারী ওয়াল নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করেন। | মোহনগঞ্জ ইউনিয়নের ৫জন গ্রামপুলিশ (মহল্লাদার) এর শুন্য পদে জনবল নিয়োগ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮ (৪) | **উপজেলা খাদ্য অধিদপ্তর** | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৫-২৬ অর্থ বছরে আমন সংগ্রহ বরাদ্দ নিম্নরুপ ধান-২৫.০০০ মে.টন ও চাল-১৯৫.০০০ মে.টন। উপ-বরাদ্দ ধান-১০৭.০০০ মে.টন ও চাল-১১.৬১০ মে.টন। ধান প্রতি কেজি ৩৪/- টাকা এবং চাল প্রতি কেজি ৫০/- দরে সংগ্রহ চলমান। এ পর্যন্ত সংগ্রহের পরিমাণ ধান-১৩২.০০০ মে.টন ও চাল-২০৬.৬১০ মে.টন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮ (৫) | **উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার** | ইন্সট্রাক্টর, উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান প্রতিমাসে ই-মনিটরিং এর মাধ্যমে ০৫টি বিদ্যালয় পর্যবেক্ষণ করা হয়। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষন কার্যক্রম পরিচালিত হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-৬

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮ (৬) | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হয়েছে, তালিকা মোতাবেক মোট ভোটার ৬৯৪৬০ জন। ভোট কেন্দ্র হিসেবে নির্বাচিত নির্মাণাধীন প্রতিষ্ঠানগুলো দ্রুত হস্তান্তর করা প্রয়োজন। ভোট কেন্দ্রে যোগাযোগের রাস্তা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। নির্বাচনের তফসিল ঘোষণার পরবর্তী ৪৮ ঘন্টার মধ্যে পোস্টার ব্যানার, বিলবোর্ড অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করেন। | ১। নির্মাণাধীন প্রতিষ্ঠানসমূহ নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।<br>২। প্রয়োজনীয় সংস্কার ও মেরামত কাজ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম।<br>২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম।<br>৩। উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮ (৭) | সাব-রেজিস্টার বিভাগ | উপজেলা সাব-রেজিস্টার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা সাব-রেজিস্টার বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা সাব-রেজিস্টার, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ করা হয়। | উপজেলা সাব-রেজিস্টার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮ (৮) | হিসাবরক্ষণ বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮ (৯) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা) | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা) সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১০) | আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য নির্বাচনের দায়িত্বে থাকা আনসার ও ভিডিপি সদস্যদের বাছাই কার্যক্রম চলমান রয়েছে। AVMIS সিস্টেমে আনসার ও ভিডিপি সদস্যদের রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১১) | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান আমন ফসলের ও চীনাবাদাম ফসলের হিসাব সংগ্রহ চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১২) | পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প) | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্র দপ্তরের ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১৩) | দারিদ্র বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা দারিদ্র বিমোচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১৪) | তথ্য আপা ঃ (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্যসেবা অফিসের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-৭

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮(১৫) | পল্লী বিদ্যুৎ সমিতি | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় পল্লী বিদ্যুৎ সমিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |

**১৮(১৬)** উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম, সভায় আরও জানান যে, লজিক প্রকল্পের আওতায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ০৪/১১/২০২৫ তারিখের স্থাসবি/লজিক/জিওবি/পিবিসিআরজি-২/২০২৪/৩৭৮ নং স্মারক পত্র মোতাবেক ২০২৫-২০২৬ ইং অর্থবছরে উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম কর্তৃক বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত ছকে উল্লিখিত স্কিমের বিপরীতে =৫৬,২৫০/- (ছাপ্পান্ন হাজার দুইশত পঞ্চাশ) টাকা অনুমোদন পাওয়া যায় এবং নিম্নবর্ণিত প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করা হয়। তবে উল্লেখ থাকে যে, নিম্নবর্ণিত ছকে উল্লিখিত প্রশাসনিক ব্যয়ের পরিমাণ ছাড়াও অতিরিক্ত টাকার প্রয়োজন হয়,তাহলে পূর্বের অব্যয়িত প্রশাসনিক ব্যয় হতে সমন্বয় করা যাবে। যেহেতু প্রকল্পের মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে সমাপ্ত হবে, তাই সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত স্কিম ও স্কিমটির প্রাক্কলন অনুমোদন এবং ইজিপি'র রিকোয়েস্ট ফর কোটেশন (RFQ) পদ্ধতিতে বাস্তবায়ন করা যেতে পারে।

| প্রস্তাবিত স্কিমের নাম | ইউনিয়ন | ধরণ/খাত | ওয়ার্ড | প্রাক্কলিত ব্যয় | প্রশাসনিক ব্যয় | মোট বরাদ্দের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| চরনেওয়াজী দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়ে স্থাপিত সৌরচালিত পানি শোধনাগার প্রকল্প মেরামত ও রক্ষণাবেক্ষণ। | মোহনগঞ্জ | জনস্বাস্থ্য | ০৫ | ৫৩,৬১৭/- | ২,৬৩৩/- | ৫৬,২৫০/- | |
| | | | সর্বমোট = | ৫৩,৬১৭/- | ২,৬৩৩/- | ৫৬,২৫০/- | |

সিদ্ধান্ত : ২০২৫-২০২৬ অর্থবছরে লজিক প্রকল্পের আওতায় চরনেওয়াজী দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়ে স্থাপিত সৌরচালিত পানি শোধনাগার প্রকল্প মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটি প্রাক্কলন মোতাবেক ইজিপি'র (RFQ) পদ্ধতিতে বাস্তবায়ন করার জন সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**১৮(১৭)** উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, উপজেলা পরিষদের জামে মসজিদের সামনে ও সুপার মার্কেট-২ এর মধ্যবর্তী ফাঁকা জায়গায় সুপার মার্কেটের কক্ষ নির্মাণের জন্য লীজ গ্রহণে আগ্রহী ব্যক্তি/ব্যবসায়ীগণ-কে নভেম্বর/২০২৫ মাসের সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক স্কেচ ম্যাপ অনুযায়ী প্রতিটি কক্ষের পজেশন নম্বর প্রদান করে ১০.৫×১৩.৫ ফুট জায়গা ভাড়ায় লীজ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং সে মোতাবেক কিছু লীজ দলিল সম্পাদন হয়েছে। উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদ (সম্পত্তি হস্তান্তর, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা) নীতিমালা, ২০১০ এর ৯(১) মোতাবেক বিগত আগস্ট/২০২৫ মাসে এ বিষয়ে জেলা প্রশাসক মহোদয়ের অনুমোদন চাওয়া হলেও অদ্যবধি অনুমোদন পাওয়া যায়নি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধন্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১। উপজেলা পরিষদের ২নং সুপার মার্কেটের জায়গা লীজ প্রদানের জন্য জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের অনুমোদন না পাওয়া পর্যন্ত উপজেলা পরিষদের ২নং সুপার মার্কেটের দোকানঘর নির্মাণ কার্যক্রম এবং যে সকল লীজ দলিল সম্পন্ন হয়নি তার পরবর্তী কার্যক্রম স্থগিত রাখার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

২। উপজেলা পরিষদের সম্পত্তির বিবরণী দাগ, খতিয়ানসহ নির্ধারণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/১২/২৫

(এ.এফ.এম. শামীম)
প্রশাসক (অঃদাঃ)
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২

চলমান পাতা-৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২৪-১১৫০

তারিখ ঃ ২৬ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৪। উপজেলা ...........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
০৫। ......................................................................................... কুড়িগ্রাম।
০৬। সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ, ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। অফিস কপি।

১১/১২/২৫

(এ.এফ.এম. শামীম)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd